৫ ০৫.	সিটি কর্পোরেশনের বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত আলোচনা- প্রকৌশল বিভাগ	সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ রফিকুল ইসলাম মিঞা, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি সিটি কর্পোরেশনের নাগরিকগণের ভোগান্তি লাঘবে জরুরী ভিত্তিতে উন্নয়ন সহায়তা তহবিল ও রাজস্ব তহবিল হতে কিছু প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন এবং তিনি প্রাক্কলিতব্যয়সহ প্রকল্প তালিকা উপস্থাপন করেন। প্রকল্প তালিকা পরিশিষ্ট -'খ' দ্রষ্টব্য	উন্নয়ন সহায়তা তহবিল ও রাজস্ব তহবিল হতে গৃহীত প্রকল্প তালিকা পরিশিষ্ট-'খ' বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকৌ[illegible] বিভাগ, মসিক
	সম্পত্তি বিভাগ	সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ সেলিম মিঞা, প্রধান সম্পত্তি কর্মকর্তা, মসিক, সভায় জানান যে, সিটি কর্পোরেশনের মার্কেট/দোকানের ভাড়া বৃদ্ধি বা পুন:নির্ধারণ সংক্রান্ত অনুচ্ছেদে কর্পোরেশন দোকানের ভাড়া প্রতি ০৩ (তিন) বৎসর পর পর ভাড়া বা ফি বৃদ্ধি বা পুন:নির্ধারণ নির্দেশনা থাকায় বিগত ৩১-০৮-২০২৫ খ্রিঃ তারিখের ৪৬.২১.৬১০০.০০৪.১৮.০১২.২৫-৮৭৬ নং স্মারকে একটি কমিটি গঠন করা হয়। কমিটির সকল সদস্যের উপস্থিতিতে গত ২৪-০৯-২০২৫ খ্রিঃ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে সরেজমিন তথ্য উপাত্ত সংগ্রহ করে ব্যক্তিমালিকানাধীন দোকান সমূহের মাসিক ভাড়ার বর্তমান গড় হার (টাকা/প্রতিবর্গফুট) এবং মসিক মালিকানাধীন (দোকান/প্লট) তুলনা করে নিম্নরুপভাবে নির্ধারণ করতঃ সুপারিশ করা হয়-	মসিক মালিকানাধীন দোকান/ প্লট /জায়গার হস্তান্তর ফি/ভাড়া/ লীজমানির পুনঃনির্ধারিত হার আগামী জানুয়ারি/২০২৬ মাস হতে কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রনিক/প্রধান সম্পত্তি কর্মকর্তা/ সংশ্লিষ্ট সক মসিক

রাস্তার নাম	দোকান /প্লট সংখ্যা	বর্তমানে যে হারে দোকান /প্লট এর ভাড়া আদায় করা হচ্ছে (প্রতি বর্গফুট)	বর্তমান বাজার দর অনুযায়ী পার্শ্ববর্তী ব্যাক্তিমালিকানাধীন দোকানের ভাড়া (প্রতি বর্গফুট)	মসিক মালিকানাধীন দোকান/প্লটের প্রস্তাবিত ভাড়া (প্রতি বর্গফুট)
জেসিওহ রোড	১৫০	১১/-	৩৮/-	২২/-
নিউ মার্কেট	৬৪	১০/-	৪১/-	২৫/-
সিকে ঘোষ রোড	১৫	২১/-(নিচ তলা) ১৫/-(উপর তলা)	৩৩/-	২৫/-(নিচ তলা) ১৮/-(উপর তলা)
এবিওহ রোড	০৭	২৩/-	৯২/-	৫০/-
যাদব লাহেরী লেন	০৫	২০/-	৮০/-	৪৫/-
কাঁচিঝুলি রোড	১০	১১/-	১১/-	১১/-
নওমহল গরুর খোয়ার	০৬	১১/-	৬০/-	৩০/-
মাসকান্দা	৬৪	প্রতি প্লট- সর্বোচ্চ-২০০০/- সর্বনিম্ন-৪০৬/-	৩৩/-	২০/-দোকানসহ প্লট ১৫/-দোকানছাড়া প্লট
পঁচাপুকুর পাড়	০৬	প্রতি প্লট-১৮২৪/-	৫০০০/-	৩৬৪৮/-
পৌর সুপার মার্কেটের বিপরীত পার্শ্বে	১০	প্রতি প্লট- ১৮৫৮/- (উন্নত) ৬৫৮/-(অনুন্নত)	৫৬/- ৫০/-	৩০/- (উন্নত) ১৫/-(অনুন্নত)
আবুল মনসুর সড়ক	৩৮	প্রতি প্লট- সর্বোচ্চ-১০.৯৩৬/- সর্বনিম্ন-৪০৬/-	১৭/-	১২/-
অন্যান্য দোকান প্লটসমূহ	৩৪	প্রতি প্লট	-	৮০% হতে ১০০% বৃদ্ধি (বাস্তবতার প্রেক্ষিতে)

<u>অন্যান্য সুপারিশসমূহ ঃ</u>

- সম্পত্তি শাখার দোকান/প্লটসমূহের ভাড়া/লীজমানি আদায়ের জন্য একটি নির্দিষ্ট ব্যাংক হিসাব থাকবে। উক্ত হিসাবে সম্পত্তি শাখার অন্যান্য যাবতীয় আদায় সংরক্ষিত হবে।
- প্রতিটি আদায় রেজিষ্টার নিয়মিত হালনাগাদকরণ।
- বকেয়া লীজমানি/ভাড়ার অর্থ আদায়ের ক্ষেত্রে আবশ্যিকভাবে

অনুমোদন গ্রহণ।

- লীজ গ্রহীতার সাথে সম্পাদিত চুক্তিপত্র হালনাগাদ করত: আয়তন অনুসারে নিম্নরুপভাবে হস্তান্তর ফি নির্ধারণ করা যেতে পারে:

দোকানের আয়তন(বর্গফুট)	বর্তমান হস্তান্তর ফি(টাকা)	প্রস্তাবিত হস্তান্তর ফি(টাকা)
১০০ পর্যন্ত	৩০,০০০/-	৪০,০০০/-
১০১-২৫০ পর্যন্ত	৫০,০০০/-	৬০,০০০/-
২৫১ হতে তদূর্ধ্ব	১,০০,০০০/-	১,০০,০০০/-

- মসিক মালিকানাধীন প্রতিটি দোকান/প্লট সমূহের নম্বরপ্লেট (লীজ গ্রহীতার নাম ও দোকান নম্বর সহ) সরবরাহ করা যেতে পারে।
- মসিক মালিকানাধীন পুরাতন স্থাপনাগুলো ভেঙ্গে এবং পরিত্যাক্ত জায়গাসমূহে প্রকল্পের মাধ্যমে বহুতল ভবন নির্মাণ করে ভাড়া প্রদানের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি করা যেতে পারে।

বিস্তারিত আলোচনান্তে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

পানি শাখার আয় ব্যয় সংক্রান্ত আলোচনা

জনাব সেঁজুতি ধর, প্রধান রাজস্ব কর্মকর্তা, মসিক বলেন যে, সিটি কর্পোরেশনের পানির বিল ও সিটি এলাকায় সাব-মার্সিবল পাম্প স্থাপনের ফি বর্ধিতকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং সাব-মার্সিবল পাম্প স্থাপনের ফি বর্ধিতকরণ ও পানির বিল বর্ধিতকরণের বিষয়ে আলোচনাক্রমে মতামত প্রদানের জন্য গঠিত কমিটি পানি শাখার আয় বৃদ্ধি করার জন্য নিম্নবর্ণিত সুপারিশসমূহ উপস্থাপন করেন।

১। পানির সংযোগ ফি বর্তমানে ৫০০.০০ টাকা নির্ধারিত।
প্রস্তাবিত পানির সংযোগ ফি ২০০০.০০ টাকা

২। প্রস্তাবিত পানির মাসিক ফি নিম্নরুপ-ঃ

সংযোগের ব্যস	সংযোগের ধরণ					
	আবাসিক		প্রাতিষ্ঠানিক		বানিজ্যিক	
	বর্তমান	প্রস্তাবিত	বর্তমান	প্রস্তাবিত	বর্তমান	প্রস্তাবিত
১/২" ব্যাসের	১২০/-	২০০/-	২৭৫/-	৫০০/-	৩০০/-	৭০০/-
৩/৪" ব্যাসের	১৫০/-	২৫০/-	৩৭৫/-	৭০০/-	৫৫০/-	১০০০/-
১" ব্যাসের	২২৫/-	৩৫০/-	৫০০/-	১০০০/-	৯০০/-	১৫০০/-
১-১/২" ব্যাসের	১৫০০/-	২৫০০/-	১৫০০/-	২৫০০/-	১৫০০/-	২৫০০/-
২" ব্যাসের	২০০০/-	৩০০০/-	২০০০/-	৩০০০/	২০০০/-	৩০০০/-

৩। প্রস্তাবিত সাব-মার্সিবল পাম্পের অনুমতি ফি নিম্নরূপঃ

ক্রঃ	ভবনের ধরণ/আকার	বর্তমান অনুমতি ফি	প্রস্তাবিত অনুমতি ফি
ক)	কাঁচাপাকা হতে ০১ তলা	৫,০০০/-	৫,০০০/-
খ)	০২ তলা হতে ০৪ তলা	৮,০০০/-	২৫,০০০/-
গ)	০৫ তলা হতে ৭ তলা	১৫,০০০/-	৫০,০০০/-
	২ ইউনিটের অধিক হলে	প্রতি ইউনিটের জন্য অতিরিক্ত প্রদেয় - ২,০০০/-	প্রতি ইউনিটের জন্য অতিরিক্ত প্রদেয় - ২০,০০০/-
ঘ)	০৮ তলা হতে ১০ তলা	-	১,০০,০০০/-
	২ ইউনিটের অধিক হলে	-	প্রতি ইউনিটের জন্য অতিরিক্ত প্রদেয় - ৫০,০০০/-
ঙ)	১১ তলা হতে ১৫ তলা	২৫,০০০/-	২,০০,০০০/-
	২ ইউনিটের অধিক হলে	প্রতি ইউনিটের জন্য অতিরিক্ত প্রদেয়- ৩,০০০/-	প্রতি ইউনিটের জন্য অতিরিক্ত প্রদেয় - ৮০,০০০/-
চ)	১৫ তলার অধিক হলে	৫০,০০০/-	৩,০০,০০০/-
	২ ইউনিটের অধিক হলে	প্রতি ইউনিটের জন্য অতিরিক্ত প্রদেয় - ৫,০০০/-	প্রতি ইউনিটের জন্য অতিরিক্ত প্রদেয় - ১,৫০,০০০/-

পানির বিল ও সিটি এলাকায় সাব-মার্সিবল পাম্প স্থাপনের ফি বর্ধিতকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং সাব-মার্সিবল পাম্প স্থাপনের ফি বর্ধিতকরণের বিষয়ে প্রস্তাবিত সিদ্ধান্তসমূহের বিষয়ে অধিকতর বিশ্লেষণপূর্বক মতামত প্রদানের জন্য ০৬(ছয়) সদস্য বিশিষ্ট নিম্নবর্ণিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র	নাম ও পদবী	কমিটিতে পদবী
১	জনাব মো: আবদুল আউয়াল ,তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ময়মনসিংহ ও দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর ১৬ ও ১৭ নং ওয়ার্ড, মসিক	আহ্বায়ক
২	জনাব মো: রফিকুল ইসলাম মিঞা, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), মসিক	সদস্য
৩	জনাব সেঁজুতি ধর (উপসচিব) প্রধান রাজস্ব কর্মকর্তা, মসিক	সদস্য
৪	জনাব লুৎফুন নাহার উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ ও দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর- ৩,৫,১০ নং ওয়ার্ড, মসিক।	সদস্য
৫	জনাব এ.কে.এম. ইসমত কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ময়মনসিংহ অঞ্চল ও দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর ১১ ও ১২ নং ওয়ার্ড, মসিক	সদস্য
৬	জনাব মামুন-অর-রশীদ, সিনিয়র সহকারী প্রকৌশলী, পানিশাখা, মসিক	সদস্য সচিব

প্রনিক/ সংশ্লিষ্ট সকল/ সিনিয়র সহকারী প্রকৌশলী পানি শাখা/ মসিক